# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 04-02-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূশ গোয়েল বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ঐতিহাসিক বাণিজ্য চুক্তি, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যমাত্রা অর্জন ও দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

২) বিভিন্ন ইস্যুতে বিরোধী সদস্যদের হইহট্টগোলের জেরে লোকসভার অধিবেশন আজও ব্যাহত। দুপুর ২ টো পর্যন্ত সভা মুলতুবি।

৩) সরকার জানিয়েছে, একশো শতাংশ রেশন কার্ড ডিজিটাইজ করা হয়েছে এবং এর মধ্যে ৯৯ শতাংশেরও বেশি সংযোগ করা হয়েছে আধারের সঙ্গে।

৪) মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকার, একাধিক কেন্দ্রীয় প্রকল্প চালু করতে ব্যর্থ হওয়ায় সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য দাবি করেছেন।

৫) ছদিনের ওড়িশা সফরের তৃতীয় দিনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ পুরীর শ্রী জগন্নাথ মন্দিরে পুজো দেন। এরপর তাঁর নিজের জেলা রায়রাংপুরে বিভিন্ন কর্মসূচী রয়েছে।

৬) আজ বিশ্ব ক্যান্সার প্রতিরোধ দিবস। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগত্ প্রকাশ নাড্ডা বলেছেন, ক্যান্সার জয়ীদের সবরকম সহায়তা যোগাতে আজকের দিনটি পালিত হচ্ছে।

---

শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীয়ূশ গোয়েল বলেছেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ঐতিহাসিক বাণিজ্য চুক্তি, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যমাত্রা অর্জন ও দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। লোকসভায় আজ এক বিবৃতিতে তিনি বলেন, এই বাণিজ্য চুক্তির ফলে ভারত বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্র বিশেষত কৃষি ও ডেয়ারি ক্ষেত্রে স্বার্থ সুরক্ষিত রেখে সাফল্যের সঙ্গে কাজ করতে পারবে। তিনি আরও বলেন, এবছর দোসরা ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বিভিন্ন দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে টেলিফোনে বার্তালাপ করেন। সেই আলাপ আলোচনার পরই রাষ্ট্রপতি ট্রাম্প মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতীয় রপ্তানির ক্ষেত্রে শুল্ক হ্রাস করে ১৮ শতাংশ করার কথা ঘোষণা করেন। তিনি আরও বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র অন্যান্য দেশের ক্ষেত্রে যে শুল্ক আরোপ করেছে, সেই হার তার তুলনায় অনেকটাই কম। এর ফলে মার্কিন বাজারে ভারতীয় পণ্যের রপ্তানি আরও বাড়বে। প্রতিযোগিতার বাজারে ভারতের টিঁকে থাকার সম্ভাবনাও উজ্জ্বল হবে বলে শ্রী গোয়েল আশা প্রকাশ করেন।

বাইট

উল্লেখ্য, বিরোদীদের তুমুল হই হট্টগোলের মধ্যেই পীযূশ গোয়েল এই বিবৃতি দেন।

---------------

বিভিন্ন ইস্যুতে বিরোধী সদস্যদের হইহট্টগোলের জেরে লোকসভার অধিবেশন আজও ব্যাহত। অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে বেলা ১২ টা ও পরে ২ টো পর্যন্ত সভা মুলতুবি করে দিয়েছেন।

সভার শুরুতেই অধ্যক্ষ প্রশ্নোত্তর পর্বের সূচনা করেন। উপভোক্তা, খাদ্য ও গণবন্টন বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী নিম্বুবেন বামভানিয়া, প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনা নিয়ে প্রশ্নের জবাব দিতে উঠলে বিরোধীদের হইচই-এর দরুণ তা ব্যাহত হয়। অধ্যক্ষ বিরোধী সদস্যদের আচরণে ক্ষোভ প্রকাশ করে তাদের সভার আইনশৃঙ্খলা মেনে চলার আবেদন জানান। লোকসভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করা এবং অন্য সদস্যরা যাতে প্রশ্নোত্তর পর্বে তাদের বক্তব্য পেশ করতে পারেন, সেই আর্জিও তিনি জানান সাংসদদের প্রতি। কিন্তু তারপরেও পরিস্থিতির পরিবর্তন না হওয়ায় অধ্যক্ষ বাধ্য হয়ে বেলা ১২ টা পর্যন্ত সভার অধিবেশন স্থগিত করে দেন। মুলতুবির পর অধিবেশন আবার বসলে পরিস্থিতি একইরকম থাকায় অধ্যক্ষ ২ টো পর্যন্ত সভা মুলতুবি ঘোষণা করেন।

বাইট

----------------

সরকার জানিয়েছে, একশো শতাংশ রেশন কার্ড ডিজিটাইজ করা হয়েছে। এর মধ্যে ৯৯ শতাংশেরও বেশি সংযোগ করা হয়েছে আধারের সঙ্গে। লোকসভায় আজ হৈ হট্টোগোলের মধ্যে অতিরিক্ত প্রশ্নের জবাবে উপভোক্তা, খাদ্য ও গণবন্টন বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী নিম্বুবেন বামভানিয়া, বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খাদ্য নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছেন। প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনায় সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৮১ কোটিরও বেশি সুবিধাভোগীকে বিনামূল্যে খাদ্যশস্য

দিচ্ছে সরকার। এই প্রকল্পকে তিনি বিশ্বের বৃহত্তম খাদ্য নিরাপত্তা কর্মসূচী হিসাবে অভিহিত করেন।

মন্ত্রী আরও জানান, এক দেশ এক রেশন কার্ড প্রকল্পের আওতায় পরিযায়ী শ্রমিকরা এখন দেশের যেকোনো রেশন দোকান থেকে তাদের জন্য নির্ধারিত খাদ্যশস্য রেশন কার্ডের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। এই প্রকল্পে ২০১ কোটিরও বেশি এই ধরনের ভ্রাম্যমান খাদ্যশস্য সংগ্রহের নজির মিলেছে বলেও তিনি উল্লেখ করেন।

---------------

মমতা ব্যানার্জীর নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যে একাধিক কেন্দ্রীয় প্রকল্প চালু করতে ব্যর্থ হওয়ায় সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য দাবি করেছেন। উচ্চ কক্ষে শূন্যকালে শমীক বাবু বলেন, পশ্চিমবঙ্গের আদিবাসী এবং সংখ্যালঘু সম্প্রদায় এজন্যই কেন্দ্রীয় সহায়তা পাচ্ছে না। পশ্চিমবঙ্গে চালু না হওয়া একাধিক কেন্দ্রীয় প্রকল্পের তালিকা তুলে ধরে তিনি বলেন, দেশের মধ্যে একমাত্র এই রাজ্যেই আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু হয়নি। প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প কার্যকর না হওয়ায় কৃষকরাও বিপুল ক্ষতির সম্মুখীন হচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকার জমি দিতে ব্যর্থ হওয়ায় রেলের ৪৩ টি প্রকল্প আটকে রয়েছে। রাজনৈতিক স্বার্থের কারণে রাজ্যে গণতান্ত্রিক মূল্যবোধও বিপন্ন বলে অভিযোগ করেন তিনি।

---------------

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু অভিযোগ করেছেন, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী সংসদীয় রীতি নীতি না মেনে সভার কাজে ব্যাঘাত ঘটাচ্ছেন ।

তাঁর আরও অভিযোগ রাষ্ট্রপতির ভাষণের ওপরে ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনার সময় শ্রী গান্ধী , নিয়ম বহির্ভূতভাবে বক্তব্য পেশ করতে চাইছেন। এই ভাবে বিরোধী দলনেতা শুধু সভার সময় নষ্ট করছেন তাই নয়, অন্য যে সব সাংসদ বক্তব্য পেশ করতে চাইছেন, তাঁদের ও সময় নষ্ট হচ্ছে।

---------------

এসআইআর প্রক্রিয়া নিয়ে আপত্তি তুলে নির্বাচন কমিশনের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা ব্যানার্জী এবং দলের সাংসদ ডেরেক ওব্রায়েনের দায়ের করা মামলাগুলি শুনানি আজ সুপ্রিম কোর্টে শুরু হয়েছে। সওয়ালে উপস্থিত রয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্বয়ং। মুখ্যমন্ত্রীর হয়ে সওয়াল করছেন আইনজীবী শ্যাম দিওয়ান। রয়েছেন কল্যাণ বন্দ্যোপাধ্যায় সহ দলের অন্য আইনজীবীরাও।

রাজ্যের উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত সমস্ত নথি কমিশন যাতে গ্রহণ করে, সেব্যাপারে নির্দেশ দেওয়ার জন্য শীর্ষ আদালতে আবেদন জানানো হয়েছে। এর আগে মুখ্যমন্ত্রীর মামলাকে অগ্রাধিকারের তালিকায় রাখার আবেদন জানানো হলেও সেই আবেদন গ্রাহ্য হয়নি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চে মুখ্যমন্ত্রী নিজের বক্তব্য পেশ করছেন বলে জানা গেছে।

---------------

সুপ্রিম কোর্ট, নিট পিজি ২০২৫- ২৬ এর যোগ্যতা নির্ণায়ক কাট অফ নম্বর পারসেন্টাইল কমানোর National Board of Examinations in Medical Sciences (NBEMS) এর সিদ্ধান্ত কে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল করা একটি আবেদন সম্পর্কে কেন্দ্র

ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জবাব চেয়েছে। দুই বিচারপতি পি এস নরসিমহা এবং অলক আরাধের বেঞ্চ, কেন্দ্র, NBEMS এবং জাতীয় মেডিক্যাল কমিশন এন এম সি ও সংশ্লিষ্ট পক্ষ কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। শুক্রবার মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, স্নাতকোত্তর মেডিক্যালে ১৮ হাজারেরও বেশি আসন শূন্য পড়ে থাকায়, NBEMS, নিট পিজির কাট অফ নম্বর কমানোর কথা ঘোষণা করে।

সংশোধিত সূচী অনুসারে সংরক্ষিত শ্রেণির জন্যে যোগ্যতা নির্ণায়ক পারসেন্টাইল ৪০ থেকে শুন্যে নামিয়ে আনা হয়েছে।

সাধারণ শ্রেণির ক্ষেত্রেও পারসেন্টাইল ৫০ থেকে কমিয়ে করা হয়েছে ৭।

---------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শুক্রবার পরীক্ষা-পে-চর্চা পর্বটি দেখার জন্য নাগরিকদের কাছে আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেছেন, ভারতবর্ষের তরুণদের সঙ্গে মত বিনিময় করার ফলে মন সতেজ হয়ে যায়। প্রধানমন্ত্রী চাপমুক্ত হয়ে পরীক্ষার গুরুত্বের ওপর জোর দিয়েছেন এবং যে কোন চ্যালেঞ্জ মোকাবিলা করে আত্মবিশ্বাস গড়ে তোলার বিষয়ে বাস্তব সম্মত অন্তর্দৃষ্টির কথা বলেছেন। দেবমুগরা, কোয়েমবাটোর, রায়পুর, গুয়াহাটি, দিল্লির ৭ নম্বর লোককল্যাণ মার্গে এবছর প্রধানমন্ত্রীর সঙ্গে পরীক্ষার্থীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ইউটিউ চ্যানেল, দূরদর্শন এবং আকাশবাণীতে সম্প্রচারিত হবে।

---------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন পশ্চিমবঙ্গের জলপথের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগ নিয়ে বিশেষ আলোচনা।

কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জী বন্দরের চিফ ইঞ্জিনিয়ার শান্তনু মিত্রের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------

ছদিনের ওড়িশা সফরের তৃতীয় দিনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁর আজ ভোরে পুরীর শ্রী জগন্নাথ মন্দিরে পুজো দেন। শ্রীমতি মুর্মু প্রথমে পবিত্র শ্বেতগঙ্গা পুষ্করিণীতে পারিবারিক রীতি মেনে পিন্ড দান করেন। এরপর তিনি পৌঁছন প্রভু জগন্নাথের মন্দিরে। সেখানে পুরীর গজপতি মহারাজ ও মন্দিরের বরিষ্ঠ আধিকারিকরা তাঁকে স্বাগত জানান।

এরপর রাষ্ট্রপতি তাঁর নিজের জেলা ময়ুরভঞ্জে রায়রাংপুরে যান। পূর্ণেশ্বর মহাদেব মন্দিরেও তাঁর পুজো দেওয়ার কথা। মহুলদিহিতে নব নির্মিত একটি হলিডে হোমেরও তিনি উদ্বোধন করবেন। সরকারি গার্লস হাইসেকেন্ডারি স্কুলে বিশিষ্ট উপজাতি নেতা ভাঞ্জ সুনারাম সোরোনের একটি মূর্তিরও তিনি আবরণ উন্মোচন করবেন।

বিকেলে রাষ্ট্রপতি রায়রানপুর কালেক্টরেট স্টেডিয়ামে তিনি স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া, উপজাতি উন্নয়ন ও শহরাঞ্চলীয় পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন উন্নয়মূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। পরে তাঁর এক জনসভাতেও ভাষণ দেওয়ার কথা।

----------------

ব্রাজিলের রাষ্ট্রপতি লুইস ইনাসিও লুলা দ্য সিলভার আসন্ন ভারত সফরে দুদেশের মধ্যে  সম্পর্ক আরও জোরদার হবে বলে আশা করা হচ্ছে। ভারতের ব্রাজিলের রাষ্ট্রদূত, কেনেথ এইচ দ্য নোব্রেগা বলেছেন, বাণিজ্য, প্রযুক্তি, পরিবর্তনশীল বিশ্ব প্রেক্ষাপটে দুটি দেশের মধ্যে বাণিজ্য, প্রযুক্তি ও ভূ-রাজনৈতিক ক্ষেত্রে দুটি দেশের মধ্যে সংযোগ সাধন আরও জোরদার করে তোলার প্রস্তুতি নেওয়া হয়েছে। সংবাদ সংস্থাকে দেওয়া এক একান্ত সাক্ষাৎকারে নোব্রেগা জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ব্রাজিল সফরের এক বছরের মধ্যেই রাষ্ট্রপতির লুলার এই আসন্ন সফর ভারত ব্রাজিল সম্পর্কে গতি সঞ্চার ও এর গভীরতা আরও প্রসারিত করবে। তাঁর সফরকালে ব্রাজিলের রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তিগত অংশীদারিত্বের মত বিভিন্ন ক্ষেত্রে ফলপ্রসূ আলাপ আলোচনা করবে বলেও নোব্রেগা উল্লেখ করেন। ভারত ব্রাজিল কূটনৈতিক সম্পর্ক যখন ৭০ বছর পেরিয়ে গেছে, তখন ব্রাজিলের রাষ্ট্রপতির এই সফর শক্তি, প্রতিরক্ষা, স্বাস্থ্য সহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক ও প্রযুক্তিগত অংশীদারিত্ব আরও জোরদার করবে বলে আশা করা হচ্ছে।

---------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প  কনসোলিডেটেড অ্যাপ্রোপ্রিয়েশনস অ্যাক্টে স্বাক্ষর করেছেন। এর ফলে বাকি অর্থবর্ষে ফেডেরাল সরকার বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজগুলি করতে পারবে। বিলে বিদেশি অনুদান খাতে ১০০০ কোটি ডলার কাটছাঁট করা হয়েছে এবং মার্কিন অনুদান কর্মসূচি বন্ধ রাখা হচ্ছে। ট্রাম্প বলেছেন, নতুন আমেরিকার প্রথম সুযোগ ফান্ড তৈরি করা হবে এবং এই নতুন বিলে অভিবাসীদের ফেরত পাঠানোর বিমানের ব্যয়ভার এখান থেকে হবে।

---------------

ভারত ও কেনিয়া আজ আঞ্চলিক ও আন্তর্জাতিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আজ দ্বিপাক্ষিক সম্পর্ক খতিয়ে দেখেছে। বিদেশ মন্ত্রকের পূর্ব ও দক্ষিণ আফ্রিকা বিষয়ক যুগ্ম সচিব জনেশ কেইন ও বিদেশ মন্ত্রক এবং কেনিয়া সংক্রান্ত বিষয়ে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ডেপুটি ডিরেক্টর জেনারেল জানেমাকৌড়ি যৌথভাবে ঐ বৈঠকে পৌরোহিত্য। করেন। নাইরোবিতে ভারত কেনিয়া বৈদেশিক দপ্তরে তৃতীয় দফার এই বৈঠক বসে। নাইরোবিতে ভারতের হাইকমিশন সূত্রে জানা গেছে, উভয় পক্ষ রাজনৈতিক, শিল্প, বাণিজ্য, বিনিয়োগ প্রতিরক্ষা ও নিরাপত্তা, ডিজিটাল পরিকাঠামো, শিক্ষা, সংস্কৃতি, দক্ষতা বৃদ্ধি ও পর্যটনের মত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন।

---------------

শ্রীলঙ্কা আজ ৭৮তম জাতীয় দিবস উদযাপন করছে।  মূল সরকারি অনুষ্ঠানটি হয় কলম্বোর স্বাধীনতা স্কোয়ারে। সেখানে  রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশানায়েকের বিশেষ ভাষণ, সামরিক কুচকাওয়াজ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে মাধ্যমে এর আনুষ্ঠানিক সূচনা হয়।

---------------

আজ বিশ্ব ক্যান্সার প্রতিরোধ দিবস। বিশ্ব জুড়ে ক্যান্সার রোগ সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা তৈরির লক্ষ্যে দিনটি পালিত হয়ে থাকে। স্বাস্থ্য  ও পরিবারকল্যাণ মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেছেন, ক্যান্সার জয়ীদের সবরকম সহায়তা যোগাতে আজকের দিনটি পালিত হচ্ছে। সুস্থ সমাজ গড়ে তোলার লক্ষ্যে তাঁদের নিয়মিত শারীরিক পরীক্ষার উৎসাহ যোগানো জরুরী।

--------------- ----------